দৈনিক ইত্তেফাক

APR 1 1 2002

তারিখ ...

পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৮ ...

# বেসরকারী শিক্ষকদের এমপিওভুক্তি প্রসঙ্গে

ঢাকার এমপিওভুক্ত বেসরকারী একটি মাধ্যমিক বিদ্যালয়ে আমরা দু'জন ২ আগস্ট, ২০০১ থেকে নতুন শিক্ষক হিসেবে যোগদান করি। সেপ্টেম্বর মাসে আমাদের এমপিও'র জন্য প্রয়োজনীয় কাগজপত্র জেলা শিক্ষা অফিসের কার্যালয়ে জমা দেই। আমরা জানি, বেসরকারী বিদ্যালয়ের শিক্ষকগণ বেতনের ৯০% সরকার থেকে পেয়ে থাকেন এবং চাকরিতে যোগদানের তারিখ থেকে এ বেতন ধরা হয়। দীর্ঘ ৮ মাস ধরে আমরা বিদ্যালয় থেকে মাত্র এক হাজার টাকা পেয়ে মানবেতর জীবন যাপন করছি। আশায় ছিলাম, বকেয়া বিলসহ সরকারী বেতন পেলে আমাদের এ আর্থিক সংকট কাটিয়ে উঠতে পারব। কিন্তু কয়েকদিন আগে 'ব্যান বেইজ' অফিসে এমপিও'র খবর নিতে গিয়ে জানতে পারলাম যে, খাতে টাকা না থাকায় ইনডেক্স নম্বরহীন নতুন নিয়োগকৃত শিক্ষকদের বকেয়া বিল হবে না। আমরা জানি, শিক্ষা খাতে সবচেয়ে বেশি সরকারী অর্থ বরাদ্দ হয়ে থাকে। সেখানে একজন শিক্ষক চাকরি করেছেন, কিন্তু সরকারী বেতন পাবেন না এটা খুবই দুঃখজনক। এ অবস্থায়, আমরা যেন বকেয়া বিলসহ সরকারী বেতন পেয়ে আর্থিক ও মানসিক কষ্ট থেকে মুক্তি পেতে পারি, সেজন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

নাম প্রকাশে অনিচ্ছুক।